তারিখ 06 DEC 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

দৈনিক ইত্তেফাক

# এসডিজি ও পরিবেশ বিষয়ক সম্মেলন শুরু ১৪ জানুয়ারি

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) ও বাংলাদেশ পরিবেশ নেটওয়ার্ক (বেন) এর যৌথ উদ্যোগে গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও পরিবেশ (এসডিজিই) বিষয়ক বিশেষ সম্মেলন আয়োজন উপলক্ষে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে বলা হয়, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও পরিবেশ বিষয়ক দুইদিনব্যাপী বিশেষ সম্মেলন আগামী ১৪ জানুয়ারি ঢাকায় অনুষ্ঠিত হবে।

সম্মেলন প্রস্তুতি কমিটির চেয়ারম্যান অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদের সভাপতিত্বে বক্তব্য রাখেন সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্য সচিব ও বাপা'র সাধারণ সম্পাদক ডা. মোঃ আব্দুল মতিন, প্রস্তুতি পরিষদের কো-চেয়ারম্যান অধ্যাপক খন্দকার বজলুল হক, বেন এর প্রতিনিধি ডা. মাহমুদুর রহমান, বাপা'র যুগ্মসম্পাদক মিহির বিশ্বাস ও শরীফ জামিল।

অধ্যাপক ড. ওয়াহিদ উদ্দিন মাহমুদ বলেন, এসডিজি'র মধ্যে যে ১৭টি লক্ষ্যমাত্রা রয়েছে। তার মধ্যে ১১টিতেই টেকসই উন্নয়নের কথা বলা হয়েছে। এই ১১টি লক্ষ্যমাত্রা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ডা. মোঃ আব্দুল মতিন বলেন, আগামী ১৪-১৫ জানুয়ারি কৃষিবিদ ইন্সটিটিউট অব বাংলাদেশ, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, বাপা ও বেন-এর উদ্যোগে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও পরিবেশ বিষয়ক বিশেষ সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে।

তিনি বলেন, আমাদের সাথে দেশের কমপক্ষে ২০টি প্রথিতযশা সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ও ৫০টির বেশি পেশাজীবী, গবেষণা, উন্নয়ন ও সামাজিক সংগঠন এই সম্মেলনের সহ-আয়োজক হিসেবে থাকবেন। সম্মেলনের সহ-আয়োজক হিসেবে অংশ গ্রহণে ইচ্ছুক বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠান, সংগঠনকে সম্মেলন সদস্য সচিবের সাথে ফোনে ০১৮১৯২২৩৩৪৩ বা ০১৮৭৯২৪০৬৯৬ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ জানান।